

# পাবিপ্রবিতে জুলাইয়ের শহীদদের স্মরণে পদযাত্রা

পাবিপ্রবি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) জুলাই বিপ্লব ও শহীদদের স্মরণে গণ-পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৭ জুলাই) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা চত্বর থেকে এটি শুরু হয়। পরে এটি প্রশাসনিক ভবনের সামনে দিয়ে ছাত্র হল-২ ও ছাত্র হল-১ অতিক্রম করে অ্যাকাডেমিক ভবনের সামনে আসে। সেখান থেকে এলিভেটর হয়ে শহীদ মিনারে এসে শেষ হয়।

গণ পদযাত্রায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীরা।

গণ-পদযাত্রার শুরুতে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল বলেন, ‘জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে মাসব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করেছে পাবিপ্রবি। তারই অংশ হিসেবে আজকের এই গণ-পদযাত্রা আয়োজন করা হয়েছে। যারা শহীদ হয়েছেন, তাদের আত্মার মাগফিরাত কামনা করি; আহতদের সুস্থতা কামনা করি এবং তাদের পরিবারের প্রতি জানাই সহমর্মিতা।

,

তিনি আরো বলেন, ‘বাংলাদেশে গণতন্ত্র ছিল না বরং একনায়কতন্ত্র ও হাইব্রিড রেজিমের সূচনা হয়েছিল। সেই শাসনব্যবস্থার বিরুদ্ধে আমাদের ছাত্রসমাজ যে সংগ্রাম করেছে, তা মূলত একটি বৈষম্যহীন ও ইনস্যাফিভিক দেশ গঠনের আন্দোলন। তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা এই পদযাত্রার আয়োজন করেছি।’